গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২

নং-স্বম(কারা-২)বিবিধ-০৮/২০০৭/১২৯

তারিখ ঃ ৩০/০৫/২০০৭ খ্রিঃ

বিষয় ঃ কারাগারে আটক সন্ত্রাসীদের টেলিফোনে চাঁদাবাজি প্রসঙ্গে।

সূত্র ঃ নং-পিডি/আইন/এমইটি-২/২০০৭/৬৪১, তাং-২৩/৫/০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারাগারে আটক সন্ত্রাসীদের চাঁদাবাজির ব্যাপারে ভবিষ্যতে যাতে এ সব ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সেজন্য এ বিষয়ে সর্বোচ্চ সর্তকতা অবলম্বন ও কঠোর কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

৩০/০৫/০৭
(মোঃ মাহতাব উদ্দিন জমাদার)
উপ-সচিব
ফোন ঃ ৭১৭১৭০৩

১। মহা পুলিশ পরিদর্শক,
পুলিশ সদর দপ্তর,
ঢাকা।

২। কারা মহা পরিদর্শক,
কারা অধিদপ্তর,
ঢাকা।

অতীব জরুরী

কারা অধিদপ্তর ঢাকা।

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৭/৭৪৮/১(৭৫)

তারিখ ঃ ১১-৬-২০০৭ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার। কারাগারে আটক সন্ত্রাসীদের টেলিফোনে চাঁদাবাজির বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এবং এ ব্যাপারে কঠোর কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল।

১১/৬/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৭/ /২

তারিখ ঃ -৬-২০০৭ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, (দৃঃ আঃ যুগ্ম সচিব প্রশাসন) ঢাকা এর বরাবরে প্রেরণ করা হল।

মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০৩৯.১৪- ১৮৮(৭)

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২০
১৯ ফেব্রুয়ারি ২০১৪

বিষয় ঃ **হাই-প্রোফাইল/টপটেরর তথা বিশেষ শ্রেণীর বন্দী/শীর্ষ সন্ত্রাসী বন্দীদের সাথে সাক্ষাতের সময় দর্শণার্থীদের পূর্ণাঙ্গ রেকর্ড সংরক্ষণ প্রসংগে।**

১। উপর্যুক্ত বিষয়ে কারাগারে আটক বন্দীদের সাথে সাক্ষাতের সময় সাক্ষাতপ্রার্থী/দর্শণার্থীদের পুর্ণাঙ্গ রেকর্ড নিম্নোক্ত "ছক" মোতাবেক রেজিস্টারে সংরক্ষণ করার জন্য আপনার অধীনস্থ কারাগার সমূহকে নির্দেশ প্রদানের অনুরোধ করা হলো ঃ-

**"ছক"**

| ক্রমিক নং | বন্দীর নাম ও নম্বর | দর্শণার্থীর নাম ও পিতার নাম | দর্শণার্থীর পূর্ণাঙ্গ ঠিকানা | বন্দির সহিত সম্পর্ক | দর্শণার্থীর মোবাইল নম্বর | সাক্ষাতের তারিখ ও সময় | সাক্ষাতের উদ্দেশ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

২। সাক্ষাতের সময় পুলিশ বিশেষ শাখা/গোয়েন্দা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত থাকতে পারে।

২০/০২/১৪
(মোঃ আব্দুল জলিল)
সহকারি কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☎- ৭৩০০৫১৩ (দপ্তর)।

কারা উপ মহাপারিদর্শক (রংপুর বিভাগ)
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

কারা উপ-মহপরিদর্শকের কার্যালয়,
রংপুর বিভাগ, সদর দপ্তর রংপুর।

পত্র নং ৪৪.০৭.৮৫০০.০৬৫.০৪.০১৭.১৪- ৪১৭/৮

তারিখ-২৪ -০২-২০১৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল। উপরি-উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

২৪/২/১৪
কারা উপ-মহাপরিদর্শক
রংপুর বিভাগ, সদর দপ্তর রংপুর।

১। সিনিয়র জেল সুপার
রংপুর কেন্দ্রীয় কারাগার
২। জেল সুপার
বিভাগস্থ সকল জেলা কারাগার। — ঠাকুরগাঁও।

G:\DOULAT ZAMAN 32373\Indos.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০৩.০৬৬.১৪- ২৫০৫(৭)

তারিখঃ ১০-০৮-১৪২১ বঙ্গাব্দ
২৪-১১-২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সদস্য, শীর্ষ সন্ত্রাসী, বিশেষ ধরণের বন্দিদের বিজ্ঞ আদালত, হাসপাতাল, বিভিন্ন কারাগারে স্থানান্তরকালে সিনিয়র জেল সুপার/জেল সুপার/জেলার/দায়িত্বশীল কর্মকর্তাকে উপস্থিত থাকা প্রসংগে।**

নির্ভরযোগ্য একাধিক সূত্র হতে জানা যায় যে, নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সদস্য, শীর্ষ সন্ত্রাসী, বিশেষ ধরণের বন্দিদেরকে বিজ্ঞ আদালত, বাহির হাসপাতাল, বিভিন্ন কারাগারে স্থানান্তরকালে কোন দায়িত্বশীল কর্মকর্তা কারা ফটকে উপস্থিত থাকেন না।

২। অতএব, নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সদস্য, শীর্ষ সন্ত্রাসী, বিশেষ ধরণের বন্দিদেরকে বিজ্ঞ আদালত, বাহির হাসপাতাল, বিভিন্ন কারাগারে স্থানান্তরকালে সিনিয়র জেল সুপার/জেল সুপার/জেলার/দায়িত্বশীল কর্মকর্তা কারা ফটকে উপস্থিত থেকে সতর্কতার সহিত পুলিশ দল/এস্কটের নিকট উল্লেখিত বন্দিদের হস্তান্তর নিশ্চিত করার জন্য আপনার অধিনস্থ কারাগার সমূহকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৪/১১/১৪
মোঃ আব্দুল জলিল
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☎- ৭৩০০৪৬৬ (দপ্তর)।

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর। (সিলেট)

কারা উপ-মহাপরিদর্শকের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট।

স্মারক নং- ৪৪.০৭.৯১০০.০৬৬.০১.০০১.১৪-৭৪২৮ (৪)

১৬ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৭.০৩.০৬৬.১৪-২৫০৫(৭) তারিখঃ ২৪/১১/২০১৪ খ্রিঃ এর নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

১। সিনিয়র জেল সুপার, সিলেট কেন্দ্রীয় কারাগার।
২-৪। জেল সুপার, হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা কারাগার।

০১/১২/১৪
মোহাম্মদ তৌহিদুল ইসলাম
কারা উপ-মহাপরিদর্শক
সিলেট বিভাগ, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০০১.১৪- ৮৯৭ (৭৭)

তারিখঃ ২৬ চৈত্র ১৪২০ / ০৯ এপ্রিল ২০১৪

বিষয় ঃ **শ্রেণীপ্রাপ্ত বন্দী, শীর্ষ সন্ত্রাসী, জঙ্গি/ নিষিদ্ধ ঘোষিত সংগঠনের আটককৃত বন্দী, শ্রেণীপ্রাপ্ত বন্দী ও বিশেষ শ্রেণীর বন্দী বিজ্ঞ আদালতে হাজির করা, উন্নত চিকিৎসার জন্য বাহির হাসপাতালে প্রেরণ এবং বিভিন্ন কারাগারে স্থানান্তরের পূর্বে কারা মহা পরিদর্শক মহোদয়কে অবহিত করণ।**

বিষয়োক্ত বন্দীদেরকে এখন হতে বিজ্ঞ আদালতে হাজির করা, উন্নত চিকিৎসার নিমিত্তে বাহির হাসপাতালে প্রেরণ এবং এক কারাগার হতে অন্য কারাগারে স্থানান্তরের কমপক্ষে ০২ (দুই) দিন পূর্বে কারা মহা পরিদর্শক মহোদয়কে দুরালাপনিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব গুরুত্ব হিসেবে গণ্য করার জন্যও বলা হলো।

(মোঃ আব্দুল জলিল)
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
☎- ৭৩০০৪৬৬ (দপ্তর)।

১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

২। জেল সুপার
সকল জেলা কারাগার।

অনুলিপিঃ

১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

২। কারা মহা পরিদর্শক এর ব্যক্তিগত সহকারী
৩। অতিরিক্ত কারা মহা পরিদর্শক এর ব্যক্তিগত সহকারী

Pory-02-14(M)

৮

খুলনা জেলা কারাগার
জেল সুপার
জেলার
ডকেট নং- তাং-
বিভাগপ্রধান শাখা:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৮.০৫.০০১.২০১৪- ৮৩১

তারিখ: ২৬ কার্তিক ১৪২১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়: **কারাগারে আটক বন্দীদের দেখা সাক্ষাতের সময় উপস্থিত গোয়েন্দা সংস্থার সদস্যদের সংশ্লিষ্ট রেজিষ্টারে স্বাক্ষর গ্রহণ**

সরকার কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা মোতাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগারসহ বিভিন্ন কারাগারের আটক টপটেরর, বিভিন্ন জঙ্গী গোষ্ঠীর সদস্য ও অন্যান্য গুরুত্বপূর্ণ বন্দীদের দেখা সাক্ষাতের সময় এসবি, ডিবি, এনএসআই ইত্যাদি গোয়েন্দা সংস্থার সদস্যগণ উপস্থিত থাকেন। বিভিন্ন সূত্র থেকে জানা যায় যে, দেখা সাক্ষাতের সময় উপস্থিত থাকলেও গোয়েন্দা সংস্থার সদস্যদের সংশ্লিষ্ট রেজিষ্টারে নিয়মিত স্বাক্ষর গ্রহণ করা হচ্ছে না। এ কারণে পরবর্তীতে কোন বন্দীর সাক্ষাত নিয়ে প্রশ্নের উদ্ভব হলে, গোয়েন্দা সংস্থার সদস্যগণের উপস্থিতির বিষয়টি নিশ্চিত হওয়া যায়না। এতে নানারকম জটিলতার সৃষ্টি হয়।

২। এমতাবস্থায়, এখন থেকে বন্দীদের দেখা সাক্ষাতের সময় উপস্থিত বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যদের সংশ্লিষ্ট রেজিষ্টারে স্বাক্ষর গ্রহণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো। গোয়েন্দা সংস্থার কোন সদস্য স্বাক্ষর করতে অস্বীকৃতি জানালে তাৎক্ষণিকভাবে তা নিম্নস্বাক্ষরকারীকে অবগত করতে হবে।

টিপু সুলতান
কারা উপ-মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোনঃ ৭৩০০৪০০ (দপ্তর)

**কার্যার্থে প্রেরণ**

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। জেল সুপার, সকল জেলা কারাগার।

**অনুলিপি**

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ যুগ্ম সচিব, কারা।

Asad-Interview

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রনালয়
জেল শাখা-১ ।

স্মারক নং- স্বঃমঃ ১ম-১৬/২০০৫ (কারা-১)-১১০ তারিখঃ- ০১/০৩/২০০৫ খ্রিঃ ।

বিষয়ঃ- দূর্ধর্ষ প্রকৃতির বন্দীদের কারাগারের বাহিরে চিকিৎসা গ্রহনের ক্ষেত্রে প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ প্রহরী দল নিয়োগ নিশ্চিতকরণ প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ে দূর্ধর্ষ আসামী শহিদুল ইসলাম ওরুপে ঈদুলকে NITOR - এ(পঙ্গু হাসপাতাল) চিকিৎসা করানোর জন্য গত ০৮-০২-২০০৫ খ্রিঃ তারিখে মাত্র দু'জন নিরস্ত্র কারারক্ষীদের মাধ্যমে পাঠানো হলে এক পর্যায় উক্ত হাজতীকে সশস্ত্র ব্যক্তিরা ছিনিয়ে নেয়ার চেষ্টা করে এবং একজন কারারক্ষী গুলিবিদ্ধ হয় । ভবিষ্যতে এ ধরণের ঘটনার পূনরাবৃত্তি রোধকল্পে বন্দীদের কারাগারের বাহিরে চিকিৎসা গ্রহনের ক্ষেত্রে কারা কর্তৃপক্ষের চাহিদামতে প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ প্রহরী দল নিয়োগের বিষয়টি পুলিশ কর্তৃপক্ষ কর্তৃকনিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল ।

স্বাঃ-
( মোঃ কফিল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৫৩৭ ।

মহাপুলিশ পরিদর্শক,
বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা ।

স্মারক নং স্বঃমঃ ১ম-১৬/২০০৫(কারা-১)-১১০ তারিখঃ- ০১/০৩/২০০৫ খ্রিঃ ।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল ঃ

১। কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা ।
২। মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, ঢাকা ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, ঢাকা ।

স্বাঃ-
( মোঃ কফিল উদ্দিন )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৫৩৭ ।

কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/পরি-১০/সার্কুলার-/২০০৫/ ৩৫১ (৭৪) তারিখঃ- ১৭/৩/২০০৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও পরবর্তী যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হ'ল ।

১। কারা উপ মহা পরিদর্শক সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর ।
২। সিঃ তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ।
৩। সহকারী কারা মহা পরিদর্শক(সকল) কারা অধিদপ্তর, ঢাকা ।
৪। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা ।

( মোঃ আতাউর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক(অর্থ)
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

আমীন,
=====

গোপনীয়

গুরুত্বপূর্ণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং সিকি/জিএল-৩৫/৯৮/৭২৯(৬৩) তারিখ ২০ মে/৯৮। জ্যৈষ্ঠ/১৪০৫

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

বিষয় : বিভিন্ন ধরনের মামলায় কারাগারে অবস্থানরত দুর্ধর্ষ প্রকৃতির বন্দী কর্তৃক বিশৃংখলা সৃষ্টির মাধ্যমে কারা প্রশাসনকে বিব্রত করন প্রসংগে।

লক্ষ্য করা যাইতেছে যে, সম্প্রতি কতিপয় কারাগারে বিভিন্ন ধরনের মামলায় আটক দুর্ধর্ষ প্রকৃতির বন্দীগন নানা অজুহাতে নিজেদের মধ্যে মারামারি তথা বিশৃংখলা সৃষ্টি করিতেছে। ইহাতে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশংকা থাকে এবং সুষ্ঠু কারা প্রশাসন পরিচালনাও ব্যহত হয়। এতদ্ব্যতীত এহেন ঘটনার কারনে কারা প্রশাসনকে প্রায়শঃ বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হইতে হইতেছে এবং কারা প্রশাসনের ভাব মূর্তি ক্ষুন্ন হওয়ার আশংকা দেখা দিয়াছে। প্রতিয়মান হয় যে, কারাগারের কতিপয় কর্মকর্তা/কর্মচারীর যথাযথ দায়ীত্ব পালনে শিথিলতা ও অবহেলার কারনে সুযোগ সন্ধানী বন্দীগন এহেন কার্যকলাপ সৃষ্টির প্রয়াস পাইতেছে, যাহা কোন ক্রমে কাম্য নয়।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে কারা প্রশাসনের সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে কারাগারে অবস্থানরত কোন বন্দী যাহাতে কোন প্রকার মারামারি তথা-বিশৃংখলা সৃষ্টি করিতে না পারে সে বিষয়ে যথাযথ সতর্ক দৃষ্টি রাখা এবং দুর্ধর্ষ প্রকৃতির বন্দীদের নিরাপদে আটক নিশ্চিত রাখার বিষয়ে কারা বিধি অনুসরন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

উপরোক্ত নির্দেশাবলী অনুসরনের ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটিলে কিংবা বিধি বিধান অনুসরনে ব্যত্যয় কারাগারে কোন অবাঞ্ছিত ঘটনা/বিশৃংখলার সৃষ্টি হইলে এ ব্যাপারে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

এ ধরনের ঘটনা রোধকল্পে সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, তাহার কারা প্রশাসনের প্রতি সদা সতর্ক দৃষ্টি রাখিবেন এবং এ ধরনের কোন ঘটনা ঘটার পূর্বাবাস পেলে উর্দ্ধতন কর্তৃপক্ষের অবগতির মাধ্যমে তাৎক্ষনিক প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করবেন।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার,
ক.রা মহা পরিদর্শক।
ফোন-৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)।

মোতাবেক
২০-০৫-৯৮ইং।

প: পৃ: দ্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/পরি-১০/২০০৮/ ২৯৩৯ (৭২) তারিখ ঃ ৩০-৭-২০০৮ খ্রিঃ

বিষয় ঃ **দূর্ধর্ষ সন্ত্রাসীদের ব্যবস্থাপনা প্রসঙ্গে**

বরাত ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং স্বম(কারা-২)বিবিধ-০৮/২০০৭/৪৪৯ তারিখঃ ২১-৭-২০০৮ খ্রিঃ (সকলকে নহে)

১। বরাত পত্রের মাধ্যমে জানা যায় ঢাকা কেন্দ্রীয় কারাগারসহ দেশের অন্যান্য কেন্দ্রীয় কারাগার হতে শীর্ষ সন্ত্রাসীরা জামিনে গমনকালে জেলগেটে পুনরায় গ্রেফতার এড়ানোর লক্ষ্যে অপেক্ষাকৃত ছোট জেলা কারাগারে বদলী নিচ্ছে বা বদলী যাবার চেষ্টা করছে।

২। প্রসঙ্গত উল্লেখ্য যে, উল্লেখিত বন্দীগণ বদলী প্রাপ্তির কৌশল হিসেবে সাময়িকভাবে উচ্ছৃংখল আচরণ করছে এবং জেল কর্তৃপক্ষও উচ্ছৃংখলতার কারণে কিছু কিছু সন্ত্রাসীদের অন্যত্র বদলী করছে বলে প্রতীয়মান হচ্ছে। এহেন দূধর্ষ প্রকৃতির কোন বন্দী যাতে ফন্দী করে বড় কারাগার থেকে ছোট কারাগারে বদলী না যেতে পারে তা রোধকল্পে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কোন চিহ্নিত বা শীর্ষ সন্ত্রাসীর জামিনে মুক্তি গমনের বিষয়টি সংশ্লিষ্ট পুলিশ/গোয়েন্দা/আইন প্রয়োগকারী কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করতে অনুরোধ করা হল। অনুসরনের জন্য সূত্রস্থ স্মারকের ফটোকপি এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সংলগ্নী ঃ
স্মারকের ফটোকপি- ১(এক) পাতা (অপর পৃষ্ঠায়)।

এম জাকারিয়া খান
লেঃ কমান্ডার
অতিরিক্ত কারা মহা পরিদর্শক (ভারপ্রাপ্ত)
পক্ষে- কারা মহা পরিদর্শক
ফোন- ৭৩০০৪০০ (দপ্তর)।

১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর
ঢাকা / রাজশাহী / কুমিল্লা / যশোর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

৩। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।